গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ শে বৈশাখ, ১৪০৬ বাং/ ০৩ রা মে, ১৯৯৯ ইং

এস,আর,ও নং–৯৪–আইন/৯৯/২০৯–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, উক্ত আইনের ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ–

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।– এই বিধিমালা মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত চা বাগান হইতে চা অপসারণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।– বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) "চা বাগান" অর্থ এমন কোন স্থান বা এলাকা যেখানে চা গাছ হইতে পাতা আহরণ করা হয়, এবং উক্ত পাতা যে কারখানায় প্রক্রিয়া করা হয় তাহাও ইহার অন্তর্ভূক্ত হইবে;

(গ) "নিলামকারী সংস্থা" অর্থ আইনের দ্বিতীয় তফসিলের প্রথম কলামের শিরনামা সংখ্যা S০০৯ এর বিপরীতে তৃতীয় কলামে বর্ণিত নিলামকারী সংস্থা, এবং যে কোন চা ব্রোকারও ইহার অন্তর্ভূক্ত হইবে;

(ঘ) "পণ্যাগার" অর্থ আইনের দ্বিতীয় তফসিলের প্রথম কলামের শিরনামা সংখ্যা S০০৫ এর বিপরীতে তৃতীয় কলামে বর্ণিত পণ্যাগার;

(ঙ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যে কোন ফরম;

(চ) "বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর বিধিামালা, ১৯৯১;

(ছ) "বিভাগীয় কর্মকর্তা" অর্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-কমিশনার বা সহকারী কমিশনার, মূল্য সংযোজন কর;

(জ) "সুপারিনটেনডেন্ট" অর্থ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় বা সার্কেলের দায়িত্বে নিয়োজিত সুপারিনটেনডেন্ট।

৩। **কর আদায় পদ্ধতি**।– আইনের অধীন প্রণীত অন্য কোন বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, চা বাগান হইতে অপসারিত চা এর ক্ষেত্রে আরোপনীয় মূল্য সংযোজন কর এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে আদায় করা হইবে।

৪। **উৎপাদিত চা সংক্রান্ত তথ্য**।– চা বাগান কর্তৃপক্ষ তৎকর্তৃক উৎপাদিত অথবা বিধি ৫ এর অধীন প্রক্রিয়াকৃত চা এর পরিমান, মজুদ ও সরবরাহ সংক্রান্ত যাবতীয় তথ্য হিসাব ফরম 'চ' তে বর্ণিত ছকে লিপিবদ্ধ করিবে এবং উহা রেজিষ্টার আকারে সংরক্ষণ করিবে।

৫। **চা প্রক্রিয়াকরণ**।– যে সমস্ত চা বাগানে চা প্রক্রিয়াকরণের জন্য নিজস্ব কারখানা নাই উহারা কারখানা সম্বলিত অন্য কোন চা বাগানে চা পাতা প্রক্রিয়াকরণ করিতে পারিবে। ইহা ছাড়া, বিশেষ প্রক্রিয়ায় চা প্রস্তুতের জন্য পুনঃপ্রক্রিয়াকরণের প্রয়োজনে উক্ত চায়ের উপকরণ এক চা বাগান হইতে অন্য চা বাগানে ফরম 'ছ' এর মাধ্যমে স্থানান্তর করা যাইবে। এই উদ্দেশ্যে সরবরাহকারী চা বাগান কর্তৃপক্ষকে ফরম 'ছ' এর দুইটি অনুলিপি প্রস্তুত করিতে হইবে; মূল অনুলিপি উপকরণ পরিবহনে ব্যবহৃত যানবাহনের সহিত গ্রহনকারী চা বাগানে প্রেরণ করিতে হইবে এবং দ্বিতীয় অনুলিপি সরবরাহকারীকে চা বাগানে সংরক্ষণ করিতে হইবে।

৬। **চা অপসারণ**।– (১) মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে কোন চা বাগান হইতে চা অপসারনের পূর্বে উক্ত চা বাগান কর্তৃপক্ষকে ফরম 'ক' পূরণ করিয়া উহার তিনটি অনুলিপি প্রস্তুত করিতে হইবে; মূল অনুলিপিটি চা পরিবহনে ব্যবহৃত যানবাহনের সহিত পণ্যাগারে প্রেরণ করিতে হইবে, দ্বিতীয় অনুলিপিটি চা অপসারনের আটচল্লিশ ঘন্টার মধ্যে সুপারিনটেনডেন্ট এর নিকট প্রেরণ করিতে হইবে এবং তৃতীয় অনুলিপিটি সংশ্লিষ্ট চা বাগানে সংরক্ষণ করিতে হইবে। পণ্যাগার কর্তৃপক্ষকে মূল অনুলিপি প্রাপ্তির চব্বিশ ঘন্টার মধ্যে উহার সত্যায়িত অনুলিপি সুপারিনটেনডেন্ট এর নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত চা পণ্যাগারে পৌছানোর পর বা উক্ত পণ্যাগার হইতে চা সরবরাহের পর পণ্যাগার কর্তৃপক্ষ ফরম 'খ' তে বর্ণিত ছকে চা এর বিবরণ লিপিবদ্ধ করিবেন এবং উহা রেজিষ্টার আকারে সংরক্ষণ করিবেন।

৭। **চালানপত্র**।– (১) সংশ্লিষ্ট চায়ের নিলাম সম্পন্ন হওয়ার পর নিলামকারী সংস্থা বাংলাদেশের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহকৃত চা এর ক্ষেত্রে মূল্য সংযোজন করের পরিমাণ এবং রপ্তানীর ক্ষেত্রে "শূন্য হার" প্রদর্শনপূর্বক ফরম 'গ' তে বর্ণিত

ছকে ৪টি পৃথক চালানপত্র প্রস্তুত করিবে; প্রথম কপি সংশ্লিষ্ট পণ্যাগার কর্তৃপক্ষকে, দ্বিতীয় কপি উক্ত চা এর ক্রেতাকে, তৃতীয় কপি উক্ত ক্রেতার স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে এবং চতুর্থ কপি নিলামকারী সংস্থা সংরক্ষণ করিবে।

(২) রপ্তানীর নিমিত্ত পণ্যাগার হইতে চা অপসারণের ক্ষেত্রে বিধিমালার বিধি ২৭ এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

(৩) বাংলাদেশের অভ্যন্তরে ভোগের নিমিত্ত চা সরবরাহের ক্ষেত্রে বিধিমালার বিধি ১৬ এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

৮। **রপ্তানীকারকের করনীয়**।– (১) পণ্যাগার হইতে রপ্তানীর উদ্দেশ্যে চা গ্রহণ করার পর রপ্তানীকারক তাহার নিজস্ব পণ্যাগারে ফরম 'খ' তে বর্ণিত ছকে চা এর বিবরণ লিপিবদ্ধ করিবেন এবং উহা রেজিষ্টার আকারে সংরক্ষণ করিবেন।

(২) রপ্তানীর উদ্দেশ্যে ক্রয়কৃত চা রপ্তনীকারক গ্রহণ করার তারিখ ১২০ দিনের মধ্যে রপ্তানী করিবেন অথবা অন্য কোন নিবন্ধিত রপ্তানীকারকের নিকট ফরম 'ঘ' এর মাধ্যমে হস্তান্তর করিতে পারিবেন। উক্তরূপ হস্তান্তরিত চা হস্তান্তর গ্রহণকারী রপ্তানীকারক তাহার পণ্যাগারে নেওয়ার পূর্বে বিভাগীয় কর্মকর্তার নিকট এক্সপোর্ট এলসি,টি,টি, সি-এডি অথবা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অন্য যে কোন ডকুমেন্টসহ আবেদন করিবেন। বিভাগীয় কর্মকর্তা উক্ত আবেদনপত্রে সরবরাহকৃত তথ্য পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে উক্ত চা শূন্য হারে স্থানান্তরের আদেশ প্রদান করিবেন এবং উল্লিখিত হস্তান্তর গ্রহণকারী রপ্তানীকারক উক্ত চা গ্রহণ করার তারিখ হইতে ১২০ দিনের মধ্যে রপ্তানী করিবেন।

(৩) রপ্তানীর উদ্দেশ্যে ক্রয়কৃত চা রপ্তানীকারক গ্রহণ করার তারিখ হইতে ১২০ দিনের মধ্যে রপ্তানী করিতে অথবা অন্য কোন নিবন্ধিত রপ্তানীকারকের নিকট হস্তান্তর করিতে ব্যর্থ হইলে তিনি উক্ত চা পুনরায় নিলামের মাধ্যমে বিক্রয় অথবা বাংলাদেশের অভ্যন্তরে তৎকালীন সময়ের মূল্য অনুযায়ী মূল্য সংযোজন কর পরিশোধক্রমে বিধিমালার বিধি ১৬ এ বর্ণিত পদ্ধতিতে সরবরাহ করিতে পারিবেন।

৯। **নমুনা চা**।– বিভিন্ন পণ্যাগার হইতে নিলাম ডাকের উদ্দেশ্যে নমুনা চা মূল্য সংযোজন কর প্রদান ব্যতিরেকে সরবরাহ করা যাইবে এবং উক্ত নমুনা চা এর মূল্য সংযোজন কর নিলামকৃত চায়ের মূল্য সংযোজন করের সহিত আদায়যোগ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, নমুনা চা এর পরিমাণ সর্বমোট চা এর ০.৬ (দশমিক ছয়) শতাংশের অধিক হইবে না।

১০। **প্যাকেটজাত চা।**– যে ক্ষেত্রে নিলামকৃত চা প্যাকেটজাত করিয়া বাংলাদেশের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহ করা হয় সে ক্ষেত্রে উক্ত চায়ের উপর মূল্য সংযোজন কর আরোপনের উদ্দেশ্যে আইনের ধারা ৫ ও বিধিমালার বিধি ৩ এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

১১। **হিসাবরক্ষণ ও দাখিলপত্র প্রদান।**– (১) চা বাগান কর্তৃপক্ষ, পণ্যাগার কর্তৃপক্ষ, রপ্তানীকারক এবং নিলামকারী সংস্থা কর্তৃক হিসাবরক্ষণ ও দাখিলপত্র প্রদানের ক্ষেত্রে আইনের ধারা ৩১ ও ৩৫ এবং বিধিমালার বিধি ২২ ও ২৪ এর বিধানসমূহ প্রযোজ্য হইবে।

(২) পণ্যাগার কর্তৃপক্ষ বা রপ্তানীকারক শূন্যহারে মূল্য সংযোজন করের বিনিময়ে প্রাপ্ত ও সরবরাহকৃত চা এর একটি মাসিক বিবরণী ফরম 'ঙ' এর মাধ্যমে পরবর্তী মাসের বিশ তারিখের মধ্যে সুপারিনটেনডেন্ট এর নিকট দাখিল করিবে এবং সুপারিনটেনডেন্ট উক্ত বিবরণী ও তৎসংশ্লিষ্ট দলিলপত্র যাচাই পূর্বক উক্ত চা প্রেরণ ও গ্রহণের সত্যতা সম্পর্কে একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট চা বাগান কর্তৃপক্ষের এলাকার মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

১২। **মজুদ যাচাই।**– বিভাগীয় কর্মকর্তা প্রতি বৎসর একবার প্রত্যেকটি পণ্যাগার পরিদর্শন করিবেন এবং তৎসংক্রান্ত একটি প্রতিবেদন তৈয়ার করিয়া উহার অনুলিপি সংশ্লিষ্ট কমিশনার, কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট এবং পণ্যাগার কর্তৃপক্ষকে প্রদান করিবেন।

১৩। **কর পরিশোধ।**– (১) বিধিমালার বিধি ২২(১) এর দফা (ঘ) তে বর্ণিত পদ্ধতিতে পণ্যাগার কর্তৃপক্ষ একটি চলতি হিসাব পুস্তক সংরক্ষণ করিবে এবং বিধিমালার বিধি ২৩এ বর্ণিত পদ্ধতিতে নিলামে বিক্রিত চা এর মূল্য সংযোজন কর পরিশোধ করিবে।

(২) চা বাগান হইতে সরাসরি ভোগের জন্য সরবরাহকৃত চা এর প্রদেয় মূল্য সংযোজন কর পরিশোধের ক্ষেত্রে চা বাগান কর্তৃপক্ষকে উপবিধি (১) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

১৪। **কর রেয়াত বা প্রত্যার্পণ।**– (১) বাংলাদেশের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহকৃত চা এর ক্ষেত্রে আইনের ধারা ৯ অনুযায়ী উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে।

(২) রপ্তানীকৃত চা এর ক্ষেত্রে আইনের ধারা ১৩ ও বিধি ১৯ অনুযায়ী উপকরণ কর প্রত্যার্পণ বা রেয়াত গ্রহণ করা যাইবে।

(৩) চা বাগান তৎকর্তৃক তাহাদের ক্রয়কৃত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন র এর রেয়াত গ্রহণ করিতে পারিবে। প্রতি কর মেয়াদে চা বাগান কর্তৃপক্ষ তৎকর্তৃক ক্রীত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর সম্পর্কিত একটি সংক্ষিপ্ত বিবরণী প্রণয়ন পূর্বক উহা চা বাগানের সংশ্লিষ্ট পণ্যাগারের নিকট প্রেরণ করিবে এবং উহার একটি কপি সংশ্লিষ্ট সার্কেল সুপারিনটেনডেন্ট এর নিকট প্রেরণ করিবে। উক্ত বিবরণীর সহিত বিধিমালার বিধি ৩২ এর শর্তানুযায়ী চালানপত্র বা ক্ষেত্রেমত যথাযথ বিল অব এন্ট্রির কপি সংযুক্ত করিতে হইবে। নিলামকৃত চায়ের যে অংশ স্থানীয়ভাবে সরবরাহ করা হইবে উহার উপর পণ্যাগার কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় করের বিপরীতে চা বাগান কর্তৃপক্ষ উল্লিখিত বিবরণীতে বর্ণিত মূল্য সংযোজন করের পরিমাণ সমন্বয় সাধন করিতে পারিবে। উক্তরূপ সমন্বয়কৃত অর্থ পণ্যাগার কর্তৃপক্ষ উহার মাসিক দাখিলপত্রে উদ্বৃত করিবে। কোন সুনির্দিষ্ট কর মেয়াদে চা বাগানের উপকরণ কর সমন্বয়ের সুযোগ না থাকিলে পরবর্তী যে কোন কর মেয়াদে চা বাগান কর্তৃক প্রাপ্য ঐরূপ রেয়াত সুবিধা পণ্যাগার কর্তৃপক্ষ সমন্বয় সাধন করিতে পারিবে।

১৫। **দন্ড**।– এই বিধিমালার কোন বিধান লংঘন করা হইলে লংঘনকারী ব্যক্তি অনধিক পঁচিশ হাজার টাকা অর্থদন্ড অথবা সংশ্লিষ্ট চা এর উপর প্রদেয় মূল্য সংযোজন করের দ্বিগুন পরিমাণ, যাহাই অধিক হয়, অর্থদন্ডে দন্ডনীয় হইবেন।

১৬। **রহিতকরন**।– চা বাগান হইতে মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত চা অপসারণ সংক্রান্ত (বিশেষ) বিধিমালা, ১৯৯১ এতদ্দ্বারা রহিত করা হইল।

ফরম - 'ক'

চা বাগান হইতে পণ্যাগারে চা অপসারণের অবগতি পত্র

[বিধি ৬(১) দ্রষ্টব্য]

চা বাগানের নাম ঃ
নিবন্ধন নং ঃ
ঠিকানা ঃ
এলাকা কোড ঃ

ক্রমিক নং ঃ
পণ্যাগারের নাম ঃ
নিবন্ধন নং ঃ
পরিবহনের তারিখ ঃ

ইস্যুর তারিখঃ
যানবাহনের ধরন ও সংখ্যাঃ
নিবন্ধন নংঃ

ক্রমিক নং	মোড়কের বর্ণনা ও সংখ্যা	চা এর বর্ণনা	চা এর পরিমান		মন্তব্য
			গ্রস	নীট	

আমি ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সকল তথ্যাদি সঠিক ও সত্য।

চা বাগান কর্তৃপক্ষের
স্বাক্ষর, নাম ও পদবী

ফরম - 'খ'

মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত

প্রাপ্ত চা এর ওয়্যারহাউজিং রেজিষ্টার

[বিধি ৬(২) ও ৮(১) দ্রষ্টব্য]

পণ্যাগারের নাম ও ঠিকানা ঃ

নিবন্ধন নং ঃ

এলাকা কোড ঃ

প্রাপ্তির খতিয়ান								সরবরাহের খতিয়ান								
ক্রমিক নং	প্রারম্ভিক মজুদ	পণ্যাগারে চা আগমনের তারিখ	অবগতি পত্রের নং ও তারিখ	চা বাগানের নাম ও নিবন্ধন নং	মোড়কের সংখ্যা	চা এর বর্ণনা ও পরিমান		পণ্যাগার হইতে চা সরবরাহের তারিখ	চালান পত্র নং	মোড়কের সংখ্যা	চা এর বর্ণনা ও পরিমান		মোট মূল্য	মূল্য সংযোজন করের মোট পরিমান	সমাপনী মজুদ	ফরম 'গ' এর ক্রমিক নং ও তারিখ
						গ্রস	নীট				গ্রস	নীট				
১	২	৩	৪	৫	৬	৭		৮	৯	১০	১১		১২	১৩	১৪	১৫

পণ্যাগার কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম ঃ

পদবী ঃ

ফরম -'গ'

বিশেষ চালান পত্র (চা)
[বিধি ৭ দ্রষ্টব্য]

নিলামকারীর নাম ঃ
ঠিকানা ঃ
নিবন্ধন নং ঃ

ক্রেতার নাম ঃ
ঠিকানা ঃ
নিবন্ধন ঃ

ক্রমিক নং ঃ
তারিখ ঃ
সময় ঃ

লট নং	মার্কস	গ্রেড	চেষ্টের সংখ্যা	ওজন		মূল্য [প্রতি কেজি]	মোট মূল্য	প্রদেয় মূল্য সংযোজন কর	মন্তব্য
				গ্রস	নীট				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

নিলামকারীর স্বাক্ষর

নাম ঃ
পদবী ঃ

ফরম -'ঘ'

বিশেষ সহায়ক চালান পত্র

[বিধি ৮(২) দ্রষ্টব্য]

(কেবলমাত্র রপ্তানীর ক্ষেত্রে প্রযোজ্য)

সরবরাহকারী পণ্যাগারের নাম :

নিবন্ধন নম্বর নং :

এলাকা কোড :

ক্রেতার নাম :

নিবন্ধন নং :

চালানপত্রের ক্রমিক নং :

চালানপত্রের তারিখ ও সময় :

যানবাহনের ধরন ও নম্বর :

ক্রমিক সংখ্যা	মার্কা ও নম্বর	গ্রেড	চেষ্টের সংখ্যা	ওজন		মোট মূল্য [Hammer Price]	মন্তব্য
				গ্রস	নীট		
১	২	৩	৪	৫	৬	৭	৮

সরবরাহকারী পণ্যাগার :

কর্তৃপক্ষের স্বাক্ষর :

নাম :

পদবী :

ফরম - 'ঙ'

মূল্য মংযোজন কর পরিশোধ ব্যতীত প্রাপ্ত ও সরবরাহকৃত চা-এর মাসিক বিবরণী

[বিধি ১১(২) দ্রষ্টব্য]

পণ্যাগারের নাম ও ঠিকানা :
নিবন্ধন নং :
এলাকা কোড :

মাসের নাম : ১৯

প্রাপ্তির খতিয়ান									সরবরাহের খতিয়ান								
ক্রমিক নং	প্রারম্ভিক মজুদ	অবগতি পত্র/ বিশেষ সহায়ক চালান পত্রের নং ও তারিখ	চা সরবরাহকারীর নাম, ঠিকানা ও নিবন্ধন নং	মোড়কের সংখ্যা	চা এর পরিমান		মোট মূল্য	বিশেষ সহায়ক চালান পত্রের নং ও তারিখ	ক্রেতার নাম, ঠিকানা ও নিবন্ধন নং	মোড়কের সংখ্যা	চা এর পরিমান		মোট মূল্য	মূসক-১১ এর মাধ্যমে সরবরনাহকৃত চা এর পরিমান	মোট মূল্য	মূল্য সংযোজন করের পরিমান	মন্তব্য
					গ্রস	নীট					গ্রস	নীট					
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮

পণ্যাগার কর্তৃপক্ষের স্বাক্ষর :
নাম :

ফরম -'চ'

চা বাগান কর্তৃক চা এর উৎপাদন ও মজুদ বিবরণী

[বিধি ৪ দ্রষ্টব্য]

তারিখ	প্রারম্ভিক জের	উৎপাদিত নিজস্ব চা এর পরিমান	অন্যের চা পাতা দ্বারা উৎপাদিত চা এর পরিমান	অন্যের উপকরন দ্বারা পূণঃ প্রক্রিয়াজাত চা এর পরিমান	মোট চা এর পরিমান	অবগতি পত্রের মাধ্যমে সরবরাহকৃত চা এর পরিমান		স্থানীয়ভাবে সরবরাহকৃত চা এর পরিমান		মোট সরবরাহের পরিমান	আদ্রতা লাভ	সমাপনী মজুদ	স্বাক্ষর	মন্তব্য
						মোড়ক	কেজি	(ক) মোড়ক	(খ) কেজি					
১	২	৩	৪	৫	৬	৭		৮		৯	১০	১১	১২	

ফরম -'ছ'

চা বাগান হইতে পূনঃ প্রক্রিয়াকরণের উদ্দেশ্যে প্রেরিত উপকরণ এর চালান পত্র

[বিধি ৫ দ্রষ্টব্য]

চা বাগানের নাম ঃ
নিবন্ধন নং ঃ
এলাকা কোড ঃ

প্রাপকের চা বাগানের নাম ঃ
ঠিকানা ঃ
নিবন্ধন নং ঃ

ইস্যুর তারিখ ঃ
যানবাহনের ধরন ও সংখ্যা ঃ
পরিবহনের তারিখ ঃ

ক্রমিক নং	তারিখ	বিনা করে প্রেরিত চা এর বিবরণ ও মোড়কের সংখ্যা	পূণঃ প্রক্রিয়া করনের জন্য প্রেরিত উপকরন এর পরিমান		মন্তব্য
			(ক) গ্রস	(খ) নীট	
১	২	৩	৪	৫	৬

প্রেরণকারী চা বাগান কর্তৃপক্ষের স্বাক্ষর
নাম ঃ
পদবী ঃ

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(ডঃ মোঃ রফিকুল ইসলাম)
প্রথম সচিব
মূসক- নীতি নির্ধারণ ও বাজেট